

পুষ্টি সচেতনতা বাড়াতে নিউট্রিশন ক্লাব

একটিভিটি শীট

অংশগ্রহণকারী :

১০-১৫ জন

সময় :

১ ঘণ্টা

প্রয়োজনীয় উপকরণ :

- কাগজ
- কলম
- স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনের অনুমতিপত্র



চিত্রঃ স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন এবং স্বাস্থ্যকর্মীর সাথে আলোচনা

একটি স্বাস্থ্যকেন্দ্র প্রদর্শন করি

ভূমিকাঃ

বাংলাদেশে ইউনিয়ন পর্যায়ে জনসাধারণের চিকিৎসা সেবা প্রদানের অন্যতম কেন্দ্রবিন্দু হল স্বাস্থ্যকেন্দ্র। স্বাস্থ্যকেন্দ্রগুলোতে শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি, অপুষ্টিজনিত অন্ধত্ব রোধের জন্য শিশুদের ভিটামিন এ খাওয়ানো, টিকাদান কর্মসূচী, গর্ভবতী নারীদের চেক আপ ও সেবা প্রদান এবং এছাড়াও অভ্যাস পরিবর্তনের মাধ্যমে ভাল থাকার জন্য নিয়মিত স্বাস্থ্য শিক্ষা দেয়া হয়।

উদ্দেশ্যঃ

- ১। স্বাস্থ্যকর্মীদের সার্বিক কার্যক্রম সম্পর্কে জানা।
- ২। অপুষ্টি প্রতিরোধে স্বাস্থ্যকর্মীদের ভূমিকা সম্পর্কে জানা এবং তাদের সহায়তা করা।

ধাপসমূহঃ

- ১। ১০-১৫ জনের একটি দল গঠন করুন।
- ২। প্রথমত স্থানীয় একটি স্বাস্থ্যকেন্দ্র নির্বাচন করুন। উক্ত কেন্দ্র পরিদর্শনের জন্য কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি গ্রহণ করুন।
- ৩। নির্ধারিত স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনের জন্য একটি দিন ঠিক করুন।
- ৪। স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন সম্ভব না হলে একজন অভিজ্ঞ স্বাস্থ্যকর্মীকে আমন্ত্রণ জানান।
- ৫। নির্দিষ্ট দিনে স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করুন। স্বাস্থ্যকর্মীদের কার্যপদ্ধতি, রোগীর প্রকৃতি, অপুষ্টিজনিত সমস্যা এবং সমস্যা সমাধানে স্বাস্থ্যকেন্দ্র থেকে সরবরাহকৃত সুযোগ সুবিধা সম্পর্কে জানবে এবং লিপিবদ্ধ করবে।

৬। এছাড়াও অংশগ্রহণকারীরা সেবা প্রদানের ক্ষেত্রে স্বাস্থ্যকর্মীদের যেসব ঝুঁকির সম্মুখীন হতে হয় সে সম্পর্কে জানবে।

৭। পরিশেষে অংশগ্রহণকারীরা স্বাস্থ্যকেন্দ্রে প্রদানকৃত সেবার পাশাপাশি নিজেরা কিভাবে অপুষ্টি দূরীকরণমূলক কাজে সহযোগিতা করতে পারে তার তালিকা তৈরি করবে।

৮। প্রতি মাসে ক্লাব মিটিং এ ক্লাবের সদস্যরা/ অংশগ্রহণকারীরা তালিকা অনুযায়ী নিজেদের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করবে এবং পরবর্তী কর্মপন্থা নির্ধারণ করবে।